সমকাল

তারিখ: 26 NOV 2015
পৃষ্ঠা ২ কলাম ৩

খুবির পঞ্চম সমাবর্তন

# শিক্ষায় বিনিয়োগ বাড়ানোর আহ্বান রাষ্ট্রপতির

■ খুলনা ব্যুরো

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, দেশে শিক্ষার হার বৃদ্ধি পেলেও শিক্ষার গুণগত মান এখনও কাঙ্ক্ষিত পর্যায়ে পৌঁছেনি। এ জন্য শিক্ষায় বিনিয়োগ বাড়ানোর আহ্বান জানান তিনি। এ ছাড়া শ্রেণীকক্ষে পাঠদানের মধ্যে দায়িত্ব সীমাবদ্ধ না রেখে ছাত্রছাত্রীদের প্রতি আরও মনোযোগী হতে শিক্ষকদের নির্দেশনা দেন রাষ্ট্রপতি।

দেশের বিশ্ববিদ্যালয়গুলোর আচার্য রাষ্ট্রপতি আ. হামিদ খুলনা বিশ্ববিদ্যালয়ের পঞ্চম সমাবর্তন অনুষ্ঠানে সভাপতির ভাষণে এসব কথা বলেন। গতকাল বুধবার বেলা ৩টায় খুলনা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত সমাবর্তনে আড়াই হাজার গ্র্যাজুয়েটকে ডিগ্রি দেওয়া হয়। অনুষ্ঠানে সমাবর্তন বক্তা ছিলেন প্রখ্যাত শিক্ষাবিদ প্রফেসর ইমেরিটাস ড. আনিসুজ্জামান। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান।

নবীন গ্র্যাজুয়েটদের উদ্দেশে রাষ্ট্রপতি বলেন, দেশ ও সমাজ তোমাদের আজকের এ পর্যায়ে নিয়ে এসেছে। তোমাদের অর্জিত জ্ঞান ও মেধা দিয়ে দেশের কল্যাণ করতে পারলে সেই ঋণ শোধ হবে। তিনি বলেন, 'আমাদের লক্ষ্য ২০৪১ সালের মধ্যে দেশকে উন্নত-সমৃদ্ধ দেশে পরিণত করা। এ লক্ষ্য অর্জনে গ্র্যাজুয়েটদের কাজ করতে হবে।'

সমাবর্তন বক্তা অধ্যাপক ড. আনিসুজ্জামান বলেন, জ্ঞানের অগ্রগতির অপরিহার্য শর্ত– মুক্তবুদ্ধির চর্চা করা, সব বিষয়ে প্রশ্ন করা। বাংলাদেশে আজ যে ধরনের পরিবেশ সৃষ্টির চেষ্টা চলছে, তা মুক্তবুদ্ধি চর্চার অনুকূল নয়। সমাবর্তনে শুভেচ্ছা বক্তৃতা দেন খুলনা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর মোহাম্মদ ফায়েক উজ্জামান।

সমাবর্তনে প্রায় আড়াই হাজার গ্র্যাজুয়েট উপস্থিত থেকে রাষ্ট্রপতির কাছ থেকে সনদ গ্রহণ করেন। এ ছাড়া ১৫ জনকে পোস্ট গ্র্যাজুয়েট ও একজনকে পিএইচডি ডিগ্রি এবং অসাধারণ কৃতিত্বের জন্য ১৪ শিক্ষার্থীকে গোল্ড মেডেল দেওয়া হয়।